

কবিতা মালা



কবিঃ সৌতিক সিংহ

পেশাঃ কম্পিউটার প্রফেশনাল

যোগাযোগঃ soutik@gmail.com

কবিতাঃ এক

অযথা জীবনের ঘাতে প্রতিঘাতে,
দৈনন্দিন জীবনের আঘাতের সাথে
কেটে যায় সময়, এই বেলা অবেলায়
ভেসে যায় কত দূরে নীল নীলিমায়।
নিয়মে বদ্ধ সাংসারিক সীমারেখা
কত স্মৃতি, কত কবিতা না লেখা
কবেকার কিশোরীর হৃদয়ের নোনতা আবেশে,
চিরদিন যারে ভালোবেসেছি ছদ্মবেশে
কোষে কোষে সাইটোপ্লাজমে তাই ঝড় ওঠে
প্রেম নিবেদনের কালবৈশাখী ছোটে
অন্ধকার ভারী হয়ে নামে কুয়াশায়
নেশাগ্রস্ত ক্লান্ত ধূসর সন্ধ্যায়

অসীম অনন্ত শূন্য মহাকাশ মাঝে
মুখর মুহূর্তগুলো স্তব্ধতা খোঁজে
তোমাকে পাঠাতে পারি না আজ নিমন্ত্রণ
ঘাতে প্রতিঘাতে মৃত্যুর আমন্ত্রণ
সব কিছু ছেড়ে দিয়ে ভাবি চলে যাব
স্বপ্নের দেশে পাহাড়ী ঝরনায় ভেজাবো
রামধনু রঙে সব অনুভূতিগুলো
ভাসিয়ে দেবো শুকানো রজনী মালাগুলো
সাংসারিক জীবনের বন্ধ সীমারেখা
আর নিয়মের গঞ্জী ভেঙ্গে রক্তের লেখা
সে ভালোবাসার কথা রেখে দেবো
জেনো , একদিন সব ছেড়ে চলে যাব।

কবিতাঃ দুই

এই জ্যোৎসনায় ভেসে যাওয়া
ভুলে যাওয়া চাওয়া পাওয়া
নীরবে মনের মাঝে
বাগেশী শুধু বাজে
একাকী দিনের শেষে

বিশ্রাম প্রিয়া পাশে
রিক্ত হৃদয়ে তবু
ভালোবেসেছি কভু?
মরুভূমি জল চায়
আঁধি শুধু বয়ে যায়
জীবনের আনাগোনা
আপোষের গান শোনা
নিয়মিত অনিয়ম
আসবে আমার যম
নিয়ে যাবে বহুদূরে
কৈলাস পর্বত চূড়ে
জ্যোৎসনায় ভেসে যাব
অনন্ত প্রীতি লব'
প্রেমের এ কবিতাখানি
হৃদয়ে থাকবে জানি

কবিতাঃ তিন

কোনোদিন কোনোখানে, এ পৃথিবীর বুকে

যদি পাই তার দেখা

ভেসে যাব আবার, জানি না কোথায় কোন পারে,

কোন বলাকার চোখে

রয়ে যাবে লেখা এই ভালোবাসা, দুঃখের কথা

চিরতরে প্রাণে , অপ্রাণে ...

জানি চলে যাব, তবু লিখে যাই তার কথা

মৃদু মৃদু দুরূ দুরূ বুকে

আবার আসবে ফিরে আমার দিবা আর নিশা তার সাথে

চান্দ্র অন্ধকারে

জীবনের সব কিছু ছেড়ে দিয়ে চলে যাব

হাতে হাত ধরে.....